



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৩/২১৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

বিষয় : অভিযোগের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র জমাদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসার সহ-সুপারকে এডহক কমিটির মাধ্যমে সম্পূর্ণ অন্যায়াভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে উল্লেখ পূর্বক উক্ত সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমান কর্তৃক অভিযোগ দাখিল করেছেন(কপি সংযুক্ত)। অভিযোগে আরো উল্লেখ করা হয়েছে সদ্য অবসরপ্রাপ্ত সুপার জনাব মো: নুরুল আলম কর্তৃক নিয়োগ বাণিজ্য করার উদ্দেশ্যে সম্পূর্ণ গোপনীয়ভাবে নিজের আত্মীয় স্বজন নিয়ে ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে এবং জ্যেষ্ঠতা ব্যতিরেকে ৪নং শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা হয়েছে। অবসরপ্রাপ্ত সুপার জনাব মো: নুরুল আলম কর্তৃক সর্বশেষ আগস্ট-২০২২ মাসের বেতন-ভাতার বিলে ১৮ জন শিক্ষক-কর্মচারীর মধ্যে ১১ জনের নাম বাদ দেওয়া হয়েছে। সহ-সুপার এর আবেদনের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী কর্তৃক তদন্তে দেখা যায় জনাব গাজী মতিয়র রহমানকে বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে(কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র, আগস্ট-২০২২ মাসের বেতন-ভাতার বিলের কপিসহ সমর্থনীয় ব্যাখ্যা এবং জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী কর্তৃক তদন্তে প্রমাণিত অভিযোগ বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র ও ভারপ্রাপ্ত সুপার এর দায়িত্ব প্রদান সংক্রান্ত রেজুলেশন, মাদ্রাসা শিক্ষকদের জ্যেষ্ঠতা তালিকা MPO মোতাবেক অন্যকোন(যদি থাকে) কাগজপত্র ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৫) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৬.১০.২০২২

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৬.১০.২২

- ১। সুপার/ভারপ্রাপ্ত সুপার, বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসা,
- ২। জনাব গাজী মতিয়র রহমান (অভিযোগকারী),
সহ-সুপার(সাময়িক বরখাস্তকৃত), বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসা,
পো: বদরপুর, সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৩/২১৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৩.১০.২২